দৈনিক [illegible]

20/8/2001

তারিখ ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৬ ... কলাম ... ৬......

## ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং কোর্সে ছাত্র ভর্তি ॥ দরখাস্ত আহ্বান

ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউটে ২০০১-২০০২ শিক্ষা বছরে চার বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং কোর্সে (১) সিভিল-১৬০ (২) ইলেকট্রিক্যাল-৮০ (৩) মেকানিক্যাল-৮০ (৪) অটোমোবাইল-৪০ (৫) রেফ্রিজারেশন এ্যান্ড এয়ার কন্ডিশনিং-৪০ (৬) ইলেকট্রনিক্স-৪০ (৭) কম্পিউটার-৪০ (৮) আর্কিটেকচার-৪০ (৯) কেমিক্যাল-৪০ (১০) কেমিক্যাল (ফুড-স্পেশিয়ালাইজেশন)-৪০ মোট ৬০০ আসনে ছাত্রছাত্রী ভর্তির জন্য আগ্রহী ও উপযুক্ত প্রার্থীদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা হয়েছে। কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক নির্ধারিত আবেদনপত্রে প্রার্থীকে নিজ হস্তাক্ষরে পূরণ করে দরখাস্ত দাখিল করতে হবে। ভর্তি পরীক্ষার ফী, আবেদনপত্র, তথ্য বিবরণী, মসজিদ উন্নয়নের অনুদান ও ক্রুসিয়ার ফী বাবদ মোট ১৬৫ টাকার (অফেরতযোগ্য) বিনিময়ে আবেদনের যাবতীয় কাগজপত্র সকল কার্যদিবসে সকাল ৯টা থেকে বিকাল ২টার মধ্যে অধ্যক্ষের কার্যালয়, ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট, তেজগাঁও, ঢাকা-১২০৮ থেকে পাওয়া যাবে। আবেদনপত্রের ফরম ও অন্যান্য কাগজপত্র গ্রহণের শেষ তারিখ ৩০ আগস্ট, বিকাল ২টা পর্যন্ত।

১৯৯৭ হতে ২০০১ সাল পর্যন্ত এসএসসি ভোকেশনাল/এসএসসি বিজ্ঞান/মানবিক/বাণিজ্যিক/সমমান পরীক্ষায় কমপক্ষে ২.৩ জিপিএ নিয়ে/২য় বিভাগে পাসকৃত ছাত্রছাত্রীগণ আবেদন করতে পারবে। এসএসসি ভোকেশনাল ও এসএসসি বিজ্ঞান গ্রুপ ব্যতীত অন্যান্য গ্রুপে পাসকৃত ছাত্রছাত্রীদের ক্ষেত্রে সাধারণ গণিত বা উচ্চতর গণিতে কমপক্ষে জিপি ৩/৫১% নম্বর থাকতে হবে।

ভাষা (ইংরেজী ও বাংলা), গণিত, বিজ্ঞান ও সাধারণ জ্ঞানের ওপর ১০০ নম্বরের ভর্তি পরীক্ষা আগামী ৭ সেপ্টেম্বর, শুক্রবার এই ইনস্টিটিউটে সকাল ১০টা হতে দুপুর ১২টা পর্যন্ত সময়ে অনুষ্ঠিত হবে। –বিজ্ঞপ্তি।